


হেপাটাইটিস ফাউন্ডেশন অব ত্রিপুরার উদ্যোগে আয়োজিত ৭ম এইচ এফ টি লিভারকন ও ৫ম পদ্মা গঙ্গা গোমতী আন্তর্জাতিক লিভার কনফারেন্সের উদ্বোধন করেছেন মন্ত্রী সুশান্ত চৌধুরী। — সংবাদচিত্র

Saturday, 8 June, 2024, প্রতিবাদী কলম, আগরতলা, পশ্চিম ত্রিপুরা শনিবার, ৮ জুন, ২০২৪

# লিভার সম্মেলনে সুশান্ত

প্রতিবাদী কলম প্রতিনিধি, আগরতলা, ৭ জুন।। মন্ত্রী সুশান্ত চৌধুরীর হাত ধরে আন্তর্জাতিক স্তরের লিভার সম্মেলনের সূচনা হলো। হেপাটাইটিস ফাউন্ডেশন অব ত্রিপুরার উদ্যোগে হাপানিয়াস্থিত আন্তর্জাতিক মেলা প্রাঙ্গণের অডিটোরিয়ামে এই সম্মেলনের সূচনা হয়। সপ্তম লিভারকন এবং পঞ্চম পদ্মা-গঙ্গা-গোমতী আন্তর্জাতিক লিভার সম্মেলন তিনদিন চলবে। ৭ থেকে ৯ জুন অবধি এই সম্মেলনকে কেন্দ্র করে জাতীয় ও আন্তর্জাতিক স্তরের বিশিষ্ট ও প্রখ্যাত চিকিৎসকরা উপস্থিত রয়েছেন। এদিনের এই আয়োজনে স্বাস্থ্য সচিব কিরণ গিত্যে, অর্গানাইজিং চেয়ারম্যান ডা. প্রদীপ ভৌমিক-সহ অন্যান্যরা উপস্থিত ছিলেন।







[illegible] প্রতিনিধি : হেপাটাইটিস ফাউন্ডেশন অব ত্রিপুরার উদ্যোগে আয়োজিত ৭ম এইচ এফ টি লিভারকন ও ৫ম পদ্মা গঙ্গা গোমতী আন্তর্জাতিক লিভার কনফারেন্সের উদ্বোধন করেছেন মন্ত্রী সুশান্ত চৌধুরী। হেপাটাইটিস ফাউন্ডেশন অফ ত্রিপুরার পক্ষ থেকে আজ হাপানিয়া স্থিত ত্রিপুরা কেন্দ্র ইন্টারন্যাশনাল কনভেনশন হলে পদ্মা গঙ্গা গোমতী ইন্টারন্যাশনাল লিভার কনফারেন্সের আয়োজন করা হয় দিন এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন মন্ত্রী সুশান্ত চৌধুরী স্বাস্থ্য সচিব কিরণ গিত্তে সহ অন্যান্যরা।




[illegible] হেপাটাইটিস ফাউন্ডেশন অব ত্রিপুরা ৭ম লিভারকন এবং ৫ম পদ্মা-গঙ্গা-গোমতী ইন্টারন্যাশনাল লিভার কনফারেন্সের উদ্বোধন করলেন মন্ত্রী সুশান্ত চৌধুরী। উপস্থিত ছিলেন স্বাস্থ্য দপ্তরের সচিব কিরণ গিত্তে সহ অন্যান্যরা।

TRIPURA OBSERVER
Premier English Daily of Tripura
Latest news, views, opinion, updates just a click away
www.tripuraobserver.com

TRIPURA OBSERVE[R] PREMIER ENGLISH DAILY OF T[RIPURA]
AGARTALA | SATURDAY | 08TH JUNE 2024 | PAGE




Transport Minister Sushanta Chowdhury inaugurates 7th HFT livercon and 5th Padma-Ganga-Gomati interntional liver conference at Hapnia international fair ground auditorium on Friday.

## 2,700 people to participate in state Yoga day celebration

Observer Reporter

Agartala: Jun 07. The state-level 10th International Yoga Day celebration will coincide with the upcoming international exhibition in Hapnia on June 21. To mark the occasion, a preparatory meeting was held today at the main office of the Department of Youth Affairs and Sports. The conference was chaired by Additional District Magistrate Prashant Badal Negi of West Tripura district.

Present at the meeting were officials from the Department of Youth Affairs and Sports, led by Joint Secretary Paimang Mog, along with other departmental



# Minister Sushanta Chowdhury inaugurates Tripura Liver Health Conferences




Planet East Correspondent, Agartala, June 07:

The 7th Hepatitis Foundation of Tripura's Liver Con and the 5th Padma Ganga Gomati International Liver Conference were inaugurated today by Minister Sushanta Chowdhury. The three-day event, held from June 7 to June 9, is taking place at the International Conference Hall in Hapania, Agartala.

The inauguration ceremony was attended by Health Department Secretary Kiran Gitte and several other dignitaries. The conference aims to bring together leading experts and professionals in the field of liver health to discuss the latest advancements and challenges.

# নেশামুক্ত রাজ্য গড়ে তোলার লক্ষ্য নিয়ে আলোচনা সভা ও রেলি

**উদয়পুর প্রতিনিধি ঃ** রাজ্যকে নেশা মুক্ত রাজ্য গড়ে তোলার লক্ষ্য নিয়ে বুধবার গোমতী জেলার করবুক মহকুমায় অনুষ্ঠিত হয় মহাকুমা ভিত্তিক স্বাস্থ্য সচেতনতামূলক এক দিবসীয় আলোচনা সভা ও রেলি। উদ্যোক্তা হেপাটাইটিস ফাউন্ডেশন অফ ত্রিপুরা করবুক শাখা ও করবুক সমষ্টি উন্নয়ন দপ্তর। করবুক পাঞ্চিহাম উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ের মিলনায়তনে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। প্রদীপ জ্বালিয়ে এক দিবসীয় স্বাস্থ্য সচেতনতামূলক আলোচনা সভা ও রেলির প্রদীপ জ্বালিয়ে শুভ সূচনা করেন হেপাটাইটিস ফাউন্ডেশন অফ ত্রিপুরার প্রতিষ্ঠাতা সভাপতি তথা রাজ্যের বিশিষ্ট চিকিৎসক ডক্টর প্রদীপ ভৌমিক। এছাড়াও উপস্থিত ছিলেন গোমতী জেলার মুখ্য স্বাস্থ্য আধিকারিক ডাক্তার কমল রিয়াং, করবুক মহকুমা শাসক শ্যাম জয় জমাতিয়া, করবুক মহাকুমা পুলিশ অধিকারী গগনজয় রিয়াং, করবুক পাঞ্চিহাম উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক কার্তিক দেববর্মা, করবুক সমষ্টি উন্নয়ন দপ্তরের আধিকারিক দিব্যেন্দু দাস, হেপাটাইটিস ফাউন্ডেশন অফ ত্রিপুরার করবুক শাখা চেয়ারম্যান প্রিয়মনি দেববর্মা। সভায় সভাপতিত্ব করেন করবুক মহাকুমার স্বাস্থ্য আধিকারিক ডাক্তার ধনমনি ত্রিপুরা। আলোচনা করতে গিয়ে প্রত্যেকে বলেন রাজ্যকে নেশা মুক্ত রাজ্য গড়ে তোলা পরিকল্পনা নিয়ে হেপাটাইটিস ফাউন্ডেশন অফ ত্রিপুরা সারা রাজ্যে কাজ চালিয়ে যাচ্ছে। রাজ্য সরকার ও চাইছে রাজ্যকে নেশা মুক্ত রাজ্য গড়ে তোলার জন্য। ইদানিং দেখা গেছে রাজ্যের যুবসমাজ নেশায় আসক্ত হয়ে যাচ্ছে। এতে যুবসমাজ ধ্বংসের মুখে চলে যাচ্ছে। এতে করে অভিভাবকেরা চিন্তায় পড়ে গেছে। রাজ্য সরকার প্রায় প্রতিদিন এই ছোট্ট রাজ্যের পুলিশ কোথাও না কোথাও নেশার সাথে যুক্ত তাদের যেমন ধরে আনা হচ্ছে তেমনি নেশা জাতীয় দ্রব্য পুলিশ নিজেদের হেফাজতে ধরে নিয়ে আসছে তারপরও যুব সমাজকে এর থেকে সরিয়ে আনা যাচ্ছে না। আগামী দিনে ভয়ংকর রূপ নেবে এর। সুতরাং সবাইকে এখন থেকে দায়িত্ব নিয়ে সমাজকে এ রাজ্যকে নেশা মুক্ত করে গড়ে তোলার জন্য দায়িত্ব নিতে হবে। একা সরকারের পক্ষে এটা সম্ভব না। এগিয়ে আসতে হবে বিভিন্ন জনপ্রতিনিধি থেকে শুরু করে রাজ্য সরকারের সমস্ত দপ্তর, বিভিন্ন ক্লাব, সামাজিক সংগঠনগুলো সহ রাজ্যের মানুষকে এগিয়ে আসতে হবে। তাহলে সুস্থ সমাজ সুস্থ রাজ্য গড়ে তোলা যাবে বলে উল্লেখ করে উপস্থিত অতিথিবর্গরা। শেষে করবুকে অনুষ্ঠিত হয় স্বাস্থ্য সচেতনতামূলক এক রেলি। আগামী দিনে করবুক মহাকুমাকে নেশা মুক্ত মহাকুমা হিসাবে গড়ে তোলা লক্ষ্য নিয়ে হেপাটাইটিস ফাউন্ডেশন অফ ত্রিপুরা মহকুমার সমস্ত জনগণকে সঙ্গে নিয়ে এবং রাজ্য সরকারের বিভিন্ন দপ্তরের আধিকারিকদের নিয়ে কাজ চালিয়ে যাওয়া শপথ নেওয়া হয় অনুষ্ঠানে। অনুষ্ঠানে উপস্থিতি ছিল লক্ষণীয়।

# হেপাটাইটিস ফাউন্ডেশন অফ ত্রিপুরার উদ্যোগে লিভার ডিসিজ বিষয়ে সপ্তম লিভারকন সম্মেলন ৭-৯ জুন

**ভবিষ্যৎ প্রতিনিধি :** হেপাটাইটিস ফাউন্ডেশন অফ ত্রিপুরার উদ্যোগে লিভার ডিসিজ বিষয়ে সপ্তম লিভারকন সম্মেলন আগামী ৭,৮ এবং ৯ জুন আগরতলার আন্তর্জাতিক কনভেনশন সেন্টারে অনুষ্ঠিত হবে। সেইসঙ্গে পঞ্চম পদ্মা গঙ্গা গোমতী আন্তর্জাতিক লিভার সম্মেলনের আয়োজন করা হচ্ছে। গত কয়েক দশকে সারা বিশ্বেই লিভারের বিভিন্ন রোগের প্রাদুর্ভাব বাড়ছে। সেইসঙ্গে ভারতবর্ষ এবং ত্রিপুরাতেও লিভার রোগের গতি প্রকৃতি সম্পূর্ণভাবে পরিবর্তিত রূপে প্রকাশিত হচ্ছে। একসময়ে লিভারের প্রধান রোগ ছিলো জন্ডিস বা ভাইরাল হেপাটাইটিস।এর প্রধান কারণ ছিল অপরিশ্রুত পানীয় জল। সর্বিক স্বাস্থ্য পদ্ধতি পরিবর্তন এবং স্বচ্ছতার সংব্যবহারের মাধ্যমে বর্তমানে জলবাহিত রোগ অনেকটাই কমে গেছে। রক্তবাহিত হেপাটাইটিস রোগ টিকাকরণের মাধ্যমে কমে গেলেও ড্রাগ এডিকশন বৃদ্ধির সঙ্গে সঙ্গে ত্রিপুরা এবং দেশের কিছু কিছুরাজ্যে হেপাটাইটিস সি রোগের প্রাদুর্ভাব বাড়ছে।তারসঙ্গে ছত্রাক রোগেরও সংক্রমণ বৃদ্ধি পাচ্ছে।জীবনযাত্রা পরিবর্তনের সঙ্গে সঙ্গে আমাদের দেশে সামাজিক পরিমন্ডলেও বিশেষ কিছু নতুন ধরণের অভ্যাস বিকশিত হয়েছে। এরমধ্যে অন্যতম অতিরিক্ত মদ্যপান এবং কোনোনা কোনোভাবে মদ্যপানের সামাজিক স্বীকৃতি। এর ফলস্বরূপ গত কয়েক দশক ধরে এলকোহল লিভার ডিসিজ প্রভূত ভাবে বৃদ্ধি পাচ্ছে। বর্তমানে লিভার রোগের অন্যতম প্রধান কারণ ফ্যাটি লিভার ডিসিজ, জীবনশৈলির পরিবর্তন, ডায়াবেটিস রোগের বৃদ্ধি, কায়িক পরিশ্রমের অভাব ফ্যাটি লিভার ডিসিজ এর অন্যতম কারণ।আরো দুশ্চিন্তার বিষয় অনেক সময়েই

২য় পাতায় দেখুন

# হেপার উদ্যোগে চেকআপ ক্যাম্প

**ভবিষ্যৎ প্রতিনিধি :** হেপাটাইটিস ফাউন্ডেশন অফ ত্রিপুরা ও স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়ার উদ্যোগে আগরতলা স্টুডেন্ট হেলথ হোমে রবিবার এক হেলথ চেকআপ ক্যাম্পের আয়োজন করা হয়। হেপাটাইটিস ফাউন্ডেশন অফ ত্রিপুরা ও স্টেট ব্যাংক অফ ইন্ডিয়া যৌথ উদ্যোগে রবিবার স্টুডেন্ট হেলথ হোমে স্টেট ব্যাংকের কর্মরত কর্মচারী এবং অবসর প্রাপ্ত কর্মচারী ও তাদের পরিবারের লোকজনদের স্বাস্থ্য পরীক্ষার জন্য এক মেগা স্বাস্থ্য শিবিরের আয়োজন করা হয়। শিবিরে হেপাটাইটিস ফাউন্ডেশন অফ ত্রিপুরা সভাপতি ডঃ প্রদীপ ভৌমিক সহ অন্যান্য বিশেষজ্ঞ চিকিৎসকরা স্বাস্থ্য পরীক্ষা করেন। এদিন স্বাস্থ্য শিবিরের উদ্দেশ্য সম্পর্কে বলতে গিয়ে ডক্টর প্রদীপ প্রমিক বলেন অসুস্থ হওয়ার আগে রোগ নির্ণয়ের উদ্দেশ্যেই এ ধরনের স্বাস্থ্য শিবিরের আয়োজন করা হয়েছে। পাশাপাশি এদিন এক আলোচনা চক্রের আয়োজন করা হয়। আলোচনা চক্রে মানসিক স্বাস্থ্য নিয়ে বিস্তারিত আলোকপাত করা হয়। ডক্টর প্রদীপ ভৌমিক বলেন মানসিক স্বাস্থ্য ভালো থাকলে বিভিন্ন রোগ থেকে দূরে থাকা সম্ভব।

# ডায়াবেটিস সোসাইটির বার্ষিক সম্মেলন



**বিতীর্ণ প্রতিনিধি, আগরততলা।।** নর্থ ইস্টার্ন ডায়াবেটিস সোসাইটি ত্রিপুরা শাখার উদ্যোগে আজ থেকে রবীন্দ্র শতবার্ষিক ভবনে শুরু হল দুদিনের দ্বি বার্ষিক সম্মেলন। প্রদীপ জ্বালিয়ে অনুষ্ঠানের সূচনা করেন আগরতলা সরকারি মেডিকেল কলেজের অধ্যক্ষ প্রফেসর ডক্টর অনুপ কুমার সাহা। উপস্থিত ছিলেন ত্রিপুরা মেডিকেল কলেজের অধ্যক্ষ ডক্টর অরিন্দম দত্ত, সংগঠনের উত্তর পূর্বাঞ্চলের দায়িত্বপ্রাপ্ত সম্পাদক ডক্টর রূপম দাস, গুয়াহাটি থেকে আগত বিশিষ্ট ডায়াবেটিস বিশেষজ্ঞ ডক্টর বিকাশ ভট্টাচার্য্য, সংগঠনের রাজ্য শাখার অর্গানাইজিং চেয়ারম্যান ডক্টর প্রদীপ ভৌমিক, অর্গানাইজিং সেক্রেটারি ডক্টর মনিরুল ইসলাম। আলোচনা করতে গিয়ে অনুষ্ঠানে উপস্থিত অতিথি চিকিৎসকরা বলেন দিন দিন ডায়াবেটিসের সংখ্যা যেভাবে বাড়ছে তাকে প্রতিরোধ করতে হলে সচেতনতা ও জীবনশৈলীর পরিবর্তন ঘটানো দরকার। পাশাপাশি রোগী চিহ্নিতকরণের জন্য পরীক্ষার সংখ্যাও বাড়াতে হবে। এই কাজে সবাই এগিয়ে আশার আহ্বান জানান তাঁরা। অনুষ্ঠানে রাজ্যের তিন বিশেষজ্ঞ চিকিৎসক ডক্টর শ্যামল বনিক, ডক্টর সুনীল কান্তি ধর ও ডক্টর এন এল ভৌমিক কে সংবর্ধিত করা হয়।

# স্টেট ব্যাঙ্ক ও এইচএফটি'র উদ্যোগে স্বাস্থ্য শিবির

রাষ্ট্রীয় কণ্ঠ প্রতিনিধি, আগরতলা, ২২ ডিসেম্বর।। স্টেট ব্যাঙ্ক অব ইন্ডিয়া সাউথ জোন এবং হেপাটাইটিস ফাউন্ডেশন অব ত্রিপুরার যৌথ উদ্যোগে রাজধানীর জগন্নাথ বাড়ি সংলগ্ন স্টুডেন্ট হেলথ হোমে এক স্বাস্থ্য শিবির অনুষ্ঠিত হয়েছে। শিবিরে ব্যাঙ্কের বর্তমান ও অবসর প্রাপ্তদের স্বাস্থ্য পরীক্ষা করা হয়েছে। এই বিষয়ে বিশিষ্ট চিকিৎসক ডক্টর প্রদীপ ভৌমিক জানান গতানুগতিক স্বাস্থ্য ক্যাম্প থেকে এটা একটু আলাদা। এখানে বেশ কিছু পরীক্ষা নিরীক্ষা করা



হয়েছে। এর মধ্যে রয়েছে ইসিজি করা, ব্লাড প্রেসার চেক করা, এক্সরে, চক্ষু পরীক্ষা, ইউরিক এসিড টেস্ট। এমনিতে যে সব স্বাস্থ্য ক্যাম্প হয়ে থাকে এর মধ্যে এত কিছু পরীক্ষার সুযোগ থাকেনা। যেহেতু এসবিআই'র আধিকারিকরা এই বিষয়ে বেশি সচেষ্ট হয়েছেন তাই এই স্বাস্থ্য শিবিরে বেশি পরীক্ষার সুযোগ দেওয়া হয়েছে।

# হেল্‌থ চেক-আপ ক্যাম্প

প্রতিবাদী কলম প্রতিনিধি, আগরতলা, ২২ ডিসেম্বর।। হেপাটাইটিস ফাউন্ডেশন অব ত্রিপুরা ও স্টেট ব্যাঙ্ক অব ইন্ডিয়ার উদ্যোগে আগরতলায় স্টুডেন্টস হেল্‌থ হোমে হেল্‌থ চেক আপ ক্যাম্প অনুষ্ঠিত হয়। এই পর্বে রাজ্যের বিশিষ্ট চিকিৎসক ডা. প্রদীপ ভৌমিক সহ এসবিআই'র পদস্থ আধিকারিকরা উপস্থিত ছিলেন। এই পর্বে রক্ত পরীক্ষা, ইসিজি, সনোগ্রাফি, এক্স-রে ইত্যাদির পাশাপাশি বিভিন্ন পরীক্ষা নিরীক্ষা করা হয়। মূলত রোগীদের বিনামূল্যে পরামর্শ দেওয়া হয়েছে। প্রায় দেড়শজনের মতো এই পরিষেবা গ্রহণ করেছেন বলে ডা. ভৌমিক জানিয়েছেন। এই শিবিরে অবসরপ্রাপ্ত কর্মচারীরাও অংশ নিয়েছেন চিকিৎসা পরিষেবা নিতে।

# এইচএফটি'র স্বাস্থ্য শিবির

স্যন্দন প্রতিনিধি, আগরতলা, ২২ ডিসেম্বর।। হেপাটাইটিস ফাউন্ডেশন অব ত্রিপুরা ও স্টেট ব্যাঙ্ক অব ইন্ডিয়ার উদ্যোগে আগরতলা স্টুডেন্ট হেলথ হোমে রবিবার এক হেলথ চেক আপ ক্যাম্পের আয়োজন করা হয়। হেপাটাইটিস ফাউন্ডেশন অব ত্রিপুরা ও স্টেট ব্যাঙ্ক অব ইন্ডিয়ার যৌথ উদ্যোগে রবিবার স্টুডেন্ট হেলথ হোমে স্টেট ব্যাঙ্কের কর্মরত কর্মচারী এবং অবসর প্রাপ্ত কর্মচারী ও তাদের পরিবারের লোকজনদের স্বাস্থ্য পরীক্ষার জন্য এক মেগা স্বাস্থ্য শিবিরের আয়োজন করা হয়। শিবিরে হেপাটাইটিস ফাউন্ডেশন অব ত্রিপুরা সভাপতি ডা. প্রদীপ ভৌমিক সহ অন্যান্য বিশেষজ্ঞ চিকিৎসকরা স্বাস্থ্য পরীক্ষা করেন। এদিন স্বাস্থ্য শিবিরের উদ্দেশ্য সম্পর্কে বলতে গিয়ে ডা. প্রদীপ ভৌমিক বলেন, অসুস্থ হওয়ার আগে রোগ নির্ণয়ের উদ্দেশ্যেই এ ধরনের স্বাস্থ্য শিবিরের আয়োজন করা হয়েছে। পাশাপাশি এদিন এক আলোচনা চক্রের আয়োজন করা হয়। আলোচনা চক্রে মানসিক স্বাস্থ্য নিয়ে বিস্তারিত আলোকপাত করা হয়। ডা. প্রদীপ ভৌমিক বলেন মানসিক স্বাস্থ্য ভালো থাকলে বিভিন্ন রোগ থেকে দূরে থাকা সম্ভব।